গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ,সিলেট।

বিষয় ঃ গোলাপগঞ্জ উপজেলায় কর্মরত প্রধান শিক্ষকগণের অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্য বিবরণী ঃ-

সভাপতি ঃ দেওয়ান নাজমুল আলম
উপজেলা শিক্ষা অফিসার
গোলাপগঞ্জ,সিলেট।

সভার তারিখঃ ১৬ অক্টোবর ২০২৩ খ্রি.
সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা।
স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, গোলাপগঞ্জ, সিলেট।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় পূর্ববর্তী কার্যবিবরণী পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। নিম্নবর্ণিত আলোচ্য বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি কার্যক্রম | উপবৃত্তি পোর্টাল এ চাহিদা অপশন ১৫/১০/২৩ খ্রি. হতে ১৮/১০/২৩ খ্রি. তারিখ পর্যন্ত সকাল ০৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত খোলা থাকবে উক্ত সময়ের মধ্যে চাহিদা কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ২. | শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়ন | শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়ন (ইউনিক আইডি) এর কাজ ২০/১০/২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক ও সহ:শি (সকল)। |
| ৩. | শিক্ষক ডায়েরি-১ ও ২ বাস্তবায়ন | যে সকল শিক্ষক ইউআরসি হতে শিক্ষাক্রম বিস্তরণক বিষয়ক প্রশিক্ষণ নিয়েছেন তাঁরা বিদ্যালয়ে গিয়ে ডায়েরি-১,ডায়েরি-২ যথাযথভাবে প্রস্তুত পূর্বক বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক ও সহ:শি (সকল)। |
| ৪. | স্লিপ প্যান | ২০২৩-২০২৪ অর্থবছরের স্লিপ প্যান তৈরী করে ২ প্রস্থ অনুমোদনের জন্য ২৫/১০/২৩ অক্টোবরের মধ্যে অফিসে জমা প্রদান করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ৫. | ভাউচার | প্রাক-প্রাথমিকের ভাউচার ২০/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ৬. | মুক্তপাঠ কোর্স | যে সকল শিক্ষক জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেন নি সে সকল শিক্ষক কোর্স সম্পন্ন করে আগামী ২০/১০/২৩ খ্রি: তারিখের সনদ জমা দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক ও সহ:শি (সকল)। |
| ৭. | ৩য় প্রান্তিক মূল্যায়ন | যথাযথভাবে সকল বিদ্যালয়ে ৩য় প্রান্তিক মূল্যায়নের প্রস্তুতি নেওয়ার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক ও সহ:শি (সকল)। |
| ৮. | পরিদর্শন প্রতিবেদন সংরক্ষণ | PEMIS সিস্টেম থেকে বিদ্যালয় পরিদর্শন রিপোর্ট সংরক্ষণ করে রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ৯. | পাঠ্যপুস্তক চাহিদা ২০২৪ | PEMIS সিস্টেমে বিদ্যালয়ের পাঠ্যপুস্তক চাহিদা ২০২৪ যুক্ত করা হয়েছে। ২০/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ২০২৪ সালের পাঠ্যপুস্তকের চাহিদা সাবমিট করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১০. | বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর তথ্য PEMIS সিস্টেমে আপডেট করণ | PEMIS সিস্টেমে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর তথ্য সঠিকভাবে এন্ট্রি নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক ও সহ:শি (সকল)। |
| ১১. | বাংলা ও ইংরেজি বিষয়ে দূর্বল শিক্ষার্থীর তালিকা প্রণয়ন ও প্রয়োজনীয় ব্যবস্থ্যগ্রহণ | ২য়-৫ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে যারা বাংলা ও ইংরেজি বিষয়ে দূর্বল তাদের তালিকা তৈরী করে পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষকদের মধ্যে দায়িত্ব বন্টন করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১২. | APA চুক্তি বাস্তবায়ন | APA চুক্তি মোতাবেক সকল প্রকার অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন ক্লাস্টার অফিসারের নিকট জমা দেওয়ার জন্য প্রধান শিক্ষকগণকে নিদেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৩. | ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতা | এডিস মশার আবাসস্থল ধ্বংসের জন্য বিদ্যালয়ের আঙ্গিনায় ও ছাদে জমে থাকা পানি,আগাছা ও ময়লা আবর্জনা সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৪. | কাব কার্যক্রম বাস্তবায়ন | প্রতিটি বিদ্যালয়ে কাব কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকগণকে নিদেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৫. | PEMIS সিস্টেমে শিক্ষার্থীর সারাংশ আপডেটকরণ | আগামী ২০/১০/২৩ খ্রি. তারিখের মধ্যে PEMIS সিস্টেমে সঠিকভাবে শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তথ্য আপডেট করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৬. | প্রাক-প্রাথমিক শ্রেণি সজ্জিতকরণ | প্রাক-প্রাথমিক শ্রেণিটি শ্রেণি উপযোগি উপকরণ,৪টি কর্ণার দিয়ে সজ্জিতকরণ এবং যথাযথভাবে পাঠদান করানোর জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৭. | পাঠ সংশ্লিষ্ট উপকরণ বাস্তবায়ন | পাঠ সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করে পাঠদান নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৮. | সকল ধরনের ক্যাশবুক হালফিলকরণ | সকল ধরনের ক্যাশবুক রেজিস্টার আগামী ২০/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে হালফিল করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |
| ১৯. | জাতীয় পতাকা ব্যবহার ও সংরক্ষণ | নির্ধারিত রংয়ের জাতীয় পতাকা সঠিকভাবে ব্যবহার ও সংরক্ষণের জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হলো। | প্রধান শিক্ষক (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(দেওয়ান নাজমুল আলম)
সভাপতি
ও
উপজেলা শিক্ষা অফিসার
গোলাপগঞ্জ,সিলেট।

স্মারক নং ঃ ৩৮.০১.৯১৩৮.০০০.০১৫.২৩- ৭৮৮(৬৮)

তারিখঃ-১৬/১০/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ-

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৩। উপজেলা নির্বাহী অফিসার,গোলাপগঞ্জ,সিলেট।
৪। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), গোলাপগঞ্জ, সিলেট।
৫। প্রধান শিক্ষক (সকল) সরঃ প্রাঃ বিদ্যালয় গোলাপগঞ্জ,সিলেট।
৬। অফিস নথি।

১৬/১০/২০২৩

(দেওয়ান নাজমুল আলম)
উপজেলা শিক্ষা অফিসার
গোলাপগঞ্জ,সিলেট।